গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫২.২৪.০০১.২০- তারিখ : .০৩.২০২১খ্রি:।

**বিষয়ঃ সরকারি ব্যয়ে খাদ্যবান্ধব ও ভিজিডি খাতে পুষ্টিচাল বিতরণ কার্যক্রমের আওতায় চুক্তিবদ্ধ মিশ্রণ মিলারদের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ বৃদ্ধি।**

সূত্র: খাদ্য অধিদপ্তরের সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগের ১৮.০১.২০২১ খ্রি. তারিখের ২১(৬৪) নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি ব্যয়ে খাদ্যবান্ধব ও ভিজিডি কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণের জন্য নির্বাচিত মিশ্রণ মিলারগণের সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে। গত ১০.১১.২০২০ খ্রি. তারিখে মহাপরিচালক খাদ্য অধিদপ্তর মহোদয়ের সভাপতিত্বে খাদ্যবান্ধব ও ভিজিডি কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণ কার্যক্রমে মিশ্রণ ও পরিবহন ব্যয় নির্ধারণ (প্রাক্কলিত দর) বিষয়ক সভায় উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পরিবহন ব্যয় ও মিশ্রণ মিলার নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে গত ১৯.০১.২০২১ খ্রি. তারিখে ০১.০৩.২০২১ – ৩০.০৬.২০২২ খ্রি. মেয়াদে পরিবহন ব্যয় ও মিশ্রণ মিল নির্বাচনের জন্য উন্মুক্ত দরপত্র আহ্বান করা হয়; যার মূল্যায়ন ও অনুমোদন প্রক্রিয়া চলমান রয়েছে। উক্ত দরপত্র প্রক্রিয়া সমাপ্ত না হওয়ায় এবং ডিসেম্বর, ২০২০ মাসে সংশ্লিষ্ট মিলারদের সাথে চুক্তির মেয়াদ শেষ হয়ে যাওয়ায় জানুয়ারি-ফেব্রুয়ারি, ২০২১ মাসে পুষ্টিচাল সরবরাহ নির্বিঘ্ন রাখতে ভিজিডি খাতে পুষ্টিচাল বিতরণের নিমিত্ত সূত্রস্থ স্মারকে ২০২০ সালের জন্য চুক্তিবদ্ধ মিলারগণের চুক্তির মেয়াদ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত বর্ধিত করা হয়। কিন্তু দরপত্রের কার্যক্রম ও অনুমোদন এখনও সমাপ্ত না হওয়ায় মার্চ, ২০২১ মাসে খাদ্যবান্ধব ও ভিজিডি কর্মসূচিতে পুষ্টিচাল সরবরাহ নির্বিঘ্ন রাখতে বিদ্যমান চুক্তির মেয়াদ ৩১ মার্চ, ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন।

এমতাবস্থায়, মার্চ, ২০২১ মাসে খাদ্যবান্ধব ও ভিজিডি খাতে পুষ্টিচাল বিতরণের নিমিত্ত সংশ্লিষ্ট খাতে চুক্তিবদ্ধ মিলারগণের চুক্তির মেয়াদ আগামী ৩১ মার্চ, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

এতে মহাপরিচালক, খাদ্য এর অনুমোদন রয়েছে।

(মো: আমজাদ হোসেন)
পরিচালক
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ

বিতরণ :
জেলা খাদ্য নিয়ন্ত্রক, ............................(সকল)।

স্মারক নং- ১৩.০১.০০০০.০৫২.২৪.০০১.২০- ১৮৩/৫৪(৭২) তারিখ: ১৬ .০৩.২০২১খ্রি:।
অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। জনাব শারমিন শাহীন, উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৬। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ..............................................................(সকল)।
৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিধপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব-সাইটে প্রকাশের জন্য।
৮। ডা: মাহবুবুর রহমান, প্রোগ্রাম পলিসি অফিসার, বিশ্ব খাদ্য কর্মসূচি।
৯। জনাব গুলজার আহমেদ, প্রোগ্রাম অফিসার (ফর্টিফিকেশন), নিউট্রিশন ইন্টারন্যাশনাল।

১৬/৩/২০২১

উপ-পরিচালক
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ

D:\RUBEL SDM\Letter from Nov 2019.doc (Page - 418)